# বার্ষিক প্রতিবেদন ২০২২

# ২৯ তম বার্ষিক সাধারণ সভা




## সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১

গোটাটিকর, কদমতলী, সিলেট।

# সূচিপত্র

পৃষ্ঠা


| | |
|---|---|
| চেয়ারম্যান মহোদয়-এর বাণী | ১-২ |
| এক নজরে সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর তথ্যাদি | ০৩ |
| সভাপতির প্রতিবেদন | ০৪ |
| কোষাধ্যক্ষের প্রতিবেদন | ০৫-০৬ |
| (ক) বাৎসরিক আয়-ব্যয়ের হিসাব | |
| (খ) ব্যালেন্স শীট | |
| জেনারেল ম্যানেজারের প্রতিবেদন | ০৭-০৮ |
| গ্রাফ চিত্রে সিলেট পবিস-১ এর কার্যক্রম | ০৯-১০ |
| সিটেজেন চার্টার | ১১ |
| ট্রান্সফরমার চুরির ও সাশ্রয়ী বিদ্যুৎ ব্যবহারে জ্ঞাতব্য বিষয় | ১২ |
| সিলেট পবিস-১ এর ফটো গ্যালারি | ১৩-১৪ |
| সমিতি বোর্ড পরিচিতি | ১৫ |
| সিলেট পবিস-১ ও সিলেট জোন বাপবিবোর্ড এর কর্মকর্তাবৃন্দের পরিচিতি | ১৬ |



সার্বিক দিক নির্দেশনায়
**প্রকৌশলী দীলিপ চন্দ্র চৌধুরী**
জেনারেল ম্যানেজার
সিলেট পবিস-১

সম্পাদনায়
**প্রকৌশলী মুনতানসীর মজুমদার**
এজিএম (সদস্য সেবা)
সিলেট পবিস-১

# চেয়ারম্যান এর বাণী



"বিসমিল্লাহির রাহমানির রাহিম"

০১। স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে ১৯৭২ সালে রচিত মহান সংবিধানের ১৬ নং অনুচ্ছেদে "নগর ও গ্রামাঞ্চলের জীবনযাত্রার মানের বৈষম্য ক্রমাগতভারে দূর করার উদ্দেশ্যে কৃষি বিপ্লবের বিকাশ, গ্রামাঞ্চলে বৈদ্যুতীকরণের ব্যবস্থা, কুটির শিল্প ও অন্যান্য শিল্পের বিকাশ এবং শিক্ষা, যোগাযোগ-ব্যবস্থা ও জনস্বাস্থ্যের উন্নয়নের মাধ্যমে গ্রামাঞ্চলে আমুল রুপান্তরসাধনের জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন" মর্মে অঙ্গীকার করা হয়েছে। বঙ্গবন্ধু পল্লী অঞ্চলে বিদ্যুৎ সরবরাহের গুরুত্ব আরোপ করে বলেছিলেন, "বিদ্যুৎ ছাড়া কাজ হয় না, কিন্তু দেশের জনসংখ্যার শতকরা ১৫ ভাগ লোক যে শহরের অধিবাসী সেখানে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকিলেও শতকরা ৮৫ জনের বাসস্থান গ্রামে বিদ্যুৎ নাই। গ্রামে গ্রামে বিদ্যুৎ সরবরাহ করিতে হইবে। ইহার ফলে গ্রাম বাংলার সর্বক্ষেত্রে উন্নতি হইবে। বন্যা নিয়ন্ত্রণ ও গ্রামে গ্রামে বিদ্যুৎ চালু করিতে পারিলে কয়েক বছরের মধ্যে আর বিদেশ হইতে খাদ্য আমদানি করিতে হইবে না।" জাতির পিতার সুদূরপ্রসারী এ চিন্তা ভাবনার ধারাবাহিকতায় পল্লীর জনগণের দোরগোড়ায় বিদ্যুৎ সুবিধা পৌঁছানোর লক্ষ্যে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড প্রতিষ্ঠা করা হয়।

০২। বর্তমানে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতায় ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতি (পবিস) সমগ্র বাংলাদেশে গ্রামীণ এলাকায় বিদ্যুতায়নের কাজে নিয়োজিত রয়েছে। ইতোমধ্যে দেশের পল্লী অঞ্চলের শতভাগ এলাকা বিদ্যুতায়ন করা হয়েছে। বর্তমানে পল্লী বিদ্যুতের আওতাধীন গ্রাহক সংখ্যা প্রায় ৩ কোটি ৪০ লক্ষ। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন পবিসসমূহের বিদ্যুৎ চাহিদা প্রায় ৮,৮২০ মেগাওয়াট, যা দেশে উৎপাদিত বিদ্যুতের প্রায় ৬০ শতাংশ। মাসিক বিদ্যুৎ বিক্রয়ের পরিমাণ ২,৭১১ কোটি টাকা। মোট বিদ্যুতায়িত লাইনের পরিমাণ ৫ লক্ষ ২৮ হাজার ৫৯১ কি.মি., মোট উপকেন্দ্রের সংখ্যা ১,২৮৯ টি, যার মোট ক্ষমতা ১৭,৩৬০ এমভিএ। বর্তমানে সিষ্টেম লস ৯.০১%।

০৩। "শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ " এই মহতী স্বপ্ন ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে। পল্লী বিদ্যুৎ সমিতির কর্মকর্তা/কর্মচারীগণ "আলোর ফেরিওয়ালা" হয়ে ঘরে ঘরে গিয়ে বিদ্যুৎ সেবা প্রদান করছেন। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে বাপবিবো কর্তৃক "উঠান বৈঠক" কার্যক্রম চালু করা রয়েছে। এছাড়া সকল ধরণের সংযোগের ক্ষেত্রে বিনামূল্যে ৫০ কিলোওয়াট পর্যন্ত ট্রান্সফরমার সরবরাহের কারণে বহুমুখী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। গ্রামাঞ্চলে বিদ্যুৎ সুবিধা পৌঁছার কারণে বর্তমান সরকারের নির্বাচনী অঙ্গীকার "আমার গ্রাম আমার শহর" বাস্তবায়নের কাজ ত্বরান্বিত ও সহজতর হয়েছে।

০৪। আমি অবহিত হয়েছি যে, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ বিগত ০২/০৬/১৯৯০ খ্রিষ্টাব্দে বাণিজ্যিকভাবে বিদ্যুৎ বিতরণ শুরু করেছে। এ সমিতি কর্তৃক অক্টোবর'২২ খ্রিঃ পর্যন্ত ৮৪৯৮ কি.মি. লাইন নির্মাণ করে মোট ৪,১৯,৪৪৪ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। বিগত বছরসমূহের খুচরা বিক্রয় মূল্যের তুলনায় পাইকারী বিক্রয়মূল্যের হার বেশি হওয়ায় এবং পল্লী এলাকার বিশাল অংশজুড়ে বিতরণ নেটওয়ার্ক পরিচালনা করার কারণে পল্লী বিদ্যুৎ সমিতির পরিচালনায় আর্থিক ঘাটতি দেখা দিয়েছে। এ সমস্যা উত্তরণের জন্য বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের তরফ থেকে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রয়েছে। বিতরণ ব্যবস্থার উন্নয়ন করে, সিষ্টেম লস কমিয়ে ও বিদ্যুতের চুরি/অপচয় রোধ করে পরিচালন ব্যয়ের ঘাটতি মোকাবেলার জন্য সমিতির কর্মকর্তা/কর্মচারী/বোর্ড পরিচালক/গ্রাহক সদস্যবৃন্দকেও সম্মিলিত প্রচেষ্টা গ্রহণ করতে হবে।

০৫। জাতির পিতা বঙ্গবন্ধু আমাদেরকে একটি স্বাধীন দেশ ও লাল সবুজের পতাকা এনে দিয়েছেন ও সুখী সমৃদ্ধশালী সোনার বাংলা গড়নের স্বপ্ন দেখিয়েছিলেন। আর তারই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে আমরা সারা দেশকে বিদ্যুতায়নের আওতায় নিয়ে আসতে সক্ষম হয়েছি। বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উপনীত করতে সক্ষম হয়েছি। এখন আমাদেরকে নিরবচ্ছিন্ন ও মানসম্পন্ন বিদ্যুৎ ও উন্নত গ্রাহকসেবা প্রদানের মাধ্যমে ভিশন-২০৪১ এর লক্ষমাত্রা অর্জনে নিবিড়ভাবে কাজ করতে হবে। সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ২৯ তম বার্ষিক সাধারণ সভায় মহান মুক্তিযুদ্ধের চেতনায় সকলকে সততা, নিষ্ঠা, দেশপ্রেম ও আন্তরিকতার সাথে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য উদাত্ত আহবান জানাচ্ছি। একই সাথে আমি সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সর্বাঙ্গীন সাফল্য ও উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি।

জয় বাংলা।

**মোহাং সেলিম উদ্দিন**
চেয়ারম্যান
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ।

# সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১

গোটাটিকর, কদমতলী, সিলেট।

## এক নজরে তথ্যাবলী (জুন/২০২২ খ্রি. পর্যন্ত)

| বিবরণ | | সংখ্যা |
|---|---|---|
| প্রতিষ্ঠাকাল | : | ১০/০৮/১৯৮৬ খ্রিঃ |
| বিদ্যুতায়নের তারিখ | : | ০২/০৬/১৯৯০ খ্রিঃ |
| অন্তর্ভূক্ত উপজেলা | : | ০৮টি, ক) দক্ষিণ সুরমা, খ) বিশ্বনাথ, গ) বালাগঞ্জ, ঘ)ওসমানীনগর, ঙ) গোলাপগঞ্জ চ) বিয়ানীবাজার ছ) জকিগঞ্জ ও জ) ফেঞ্চুগঞ্জ |
| অন্তর্ভূক্ত গ্রাম | : | ২,৩৪৫ টি |
| আওতাভুক্ত পৌরসভা/ইউনিয়ন | : | ০৪/৬৪ টি |
| শতভাগ বিদ্যুতায়িত উপজেলা | : | ০৮টি |
| আয়তন (বর্গ কিলোমিটার) | : | ১৭৩২ |
| অফিসের বিবরণ | | |
| ক) জোনাল অফিস | : | ০৬টি (গোলাপগঞ্জ, বিয়ানীবাজার, জকিগঞ্জ, বিশ্বনাথ, ওসমানীনগর, ফেঞ্চুগঞ্জ) |
| খ) সাব-জোনাল অফিস | : | ০১টি (বালাগঞ্জ) |
| গ) এরিয়া অফিস | : | ০১টি (শেওলা) |
| ঘ) অভিযোগ কেন্দ্র (স্বতন্ত্র) | : | ১৭টি (দক্ষিণ সুরমা, জালালপুর, সুনামপুর, ঢাকাদক্ষিণ, মোকামবাজার, শরীফগঞ্জ, বাঘা, গোডাউন বাজার, মাথিউরা, কালিগঞ্জ, শাহগলি, হাবড়া, বৈরাগীবাজার, রামধানা, ওমরপুর, সাদিপুর ও মাদ্রাসা বাজার) |
| কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা | : | ৬৪৯ জন |
| ক. কর্মকর্তা | : | ২৩ জন |
| খ. কর্মচারী | : | ৬২৬ জন |
| নির্মিত লাইন | : | ৮৪৭৯ কি:মি: |
| সাব-ষ্টেশন (সংখ্যা ও ক্ষমতা) | : | ২৬ টি ও ৩০৫ এম ভি এ |
| পিক লোড | : | ১১০ মেঘাওয়াট |
| সিষ্টেম লস (ইয়ার টু ডেট) | : | ৯.৯১% |
| মোট গ্রাহক সংখ্যা (ক্যাটাগরী অনুযায়ী) | : | ৪,১৪,২৭৭ টি |
| ক) আবাসিক | : | ৩,৬৭,৪৮৪ টি |
| খ) ব্যানিজ্যক | : | ৩৭,০৪০ টি |
| গ) শিল্প | : | ৩,৩৪৮ টি |
| ঘ) সেচ | : | ১৪৬ টি |
| ঙ) দাতব্য প্রতিষ্ঠান | : | ৫,৯০৩ টি |
| চ) অন্যান্য | : | ৩৫৬ টি |
| মাসিক গড় রাজস্ব (টাকা) | : | ২৭,২০,৪৩,৪৪৮.০০ |
| বিল আদায়ের হার | : | ৯৯.৮১% |
| বকেয়া মাস | : | ০.৮৮ |
| পবিসের লাভ/ক্ষতি (প্রতি ইউনিট) | : | -০.৩৯ টাকা |



# সভাপতির প্রতিবেদন

"বিসমিল্লাহির রাহমানির রাহিম"

সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ২৯ তম বার্ষিক সাধারণ সভার এই আনন্দঘন দিনে উপস্থিত গ্রাহক সদস্যবৃন্দ, সমিতি বোর্ড এর পরিচালক ও মহিলা পরিচালকবৃন্দ, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও পল্লী বিদ্যুৎ সমিতির কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, সাংবাদিকবৃন্দসহ সমবেত সুধীমন্ডলী, আসসালামু আলাইকুম। আপনাদের সকলকে জানাই উষ্ণ অভিনন্দন, আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা।

গণতান্ত্রিক মূল্যবোধ ও জবাবদিহিতার মাধ্যমে পল্লী এলাকার দারিদ্র বিমোচন ও আর্থ সামাজিক উন্নয়নের ব্রত নিয়ে ০২ জুন ১৯৯০ খ্রিঃ হতে শহর ও গ্রামীন জীবনযাত্রার মধ্যে ব্যবধান ক্রমাগতভাবে দূর করার উদ্দেশ্যে সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর যাত্রা শুরু হয়। পরবর্তীতে লাইন নির্মাণের মাধ্যমে শতভাগ গ্রাম বিদ্যুতায়ন ব্যবস্থা, কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে শিল্পের বিকাশ, খাদ্য ঘাটতি দূরীকরনে সেচ সংযোগ প্রদান করে কৃষি বিপ্লবের লক্ষ্যে আধুনিক প্রযুক্তি ব্যবহারে যথেষ্ট অবদান রেখে যাচ্ছে। সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ অক্টোবর ২০২২ খ্রিঃ পর্যন্ত মোট ২৪৮৯ কিলোমিটার লাইন নির্মাণের মাধ্যমে বিভিন্ন শ্রেনীর মোট ৪,১৯,৪৪৪ জন গ্রাহককে সংযোগ প্রদান করেছে। কর্মসংস্থানের সৃষ্টিসহ এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন ত্বরান্বিত কল্পে নতুন শিল্প-কারখানা স্থাপনের জন্য এলাকার জনগণের প্রতি উদাত্ত আহ্বান জানাচ্ছি।

**সম্মানিত সুধী,**

নতুন লাইন নির্মাণসহ গ্রাহকগণের চাহিদা পূরণে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর সহযোগিতায় সমিতি কাঙ্খিত লক্ষ্যের দিকে অগ্রসর হচ্ছে। গ্রাহক সেবার মান আরো উন্নত করতে সম্মানিত গ্রাহকগণের আন্তরিক সহযোগিতা ও অধিক সম্পৃক্ততা কামনা করছি। আপনারা অবগত রয়েছেন যে, সমিতির একমাত্র আয়ের উৎসই হচ্ছে বিদ্যুৎ বিল । তাই বিদ্যুৎ বিল বকেয়া থাকলে সমিতি পরিচালনায় বিঘ্ন ঘটে। দুঃখজনক হলেও সত্য যে, অনেক গ্রাহক সদস্য নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ না করায় একদিকে যেমন সংযোগ বিচ্ছিন্ন করার কারণে গ্রাহকের নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ বিঘ্নিত হয়, অন্যদিকে সমিতির কর্মকর্তা-কর্মচারীদের অতিরিক্ত সময় ব্যয় করতে হয়, যার কারণে স্বাভাবিক কর্মকান্ড ব্যাহত হয়। তাই নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করে নিজের বিদ্যুৎ সংযোগ সচল রাখতে এবং সমিতির স্বাভাবিক কর্মকান্ড নিশ্চিতসহ আর্থিক ভিত মজবুত করতে সহযোগিতার অনুরোধ জানাচ্ছি।

**সম্মানিত গ্রাহক সদস্যবৃন্দ,**

দেশে বিদ্যুৎ উৎপাদন পরিস্থিতি চাহিদার তুলনায় অনেক বেশী হওয়ায় লোড শেডিং নাই। তা সত্বেও মাঝে মধ্যে প্রাকৃতিক দূর্যোগ বা কারিগরি ক্রটির কারণে বিদ্যুৎ বিভ্রাট ঘটতে পারে যা দ্রুতই সমাধানের লক্ষ্যে আমরা বদ্ধপরিকর। তাই কোন কারণে বিদ্যুৎ ঘটলে সহিষ্ণু আচরণ প্রদর্শন পূর্বক ধৈর্য্যধারণসহ বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

**সম্মানিত সুধীবৃন্দ,**

এই সমিতির আওতায় কিছু কিছু এলাকায় অবৈধ বিদ্যুৎ ব্যবহার করে কতিপয় ব্যক্তিবর্গ সরকারি সম্পদের ক্ষতিসাধন করছেন। সকলের সম্মিলিত প্রচেষ্টায় এ সকল অবৈধ কার্যক্রম আমরা বন্ধ করতে পারব বলে আশা করি। এ জন্য অবৈধ বিদ্যুৎ ব্যবহারকারীদের তথ্য পল্লী বিদ্যুৎ অফিসের নিকটস্থ অভিযোগ কেন্দ্রসমূহে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের অবহিত করার জন্য অনুরোধ করছি।

পরিশেষে কর্মচঞ্চল দিবসের সকল কর্মব্যস্ত্যতা এড়িয়ে দূর-দূরান্ত থেকে আজকের এই মহতি সভায় উপস্থিত হয়ে আমাদেরকে কৃতার্থ এবং উৎসাহিত করায় আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর উত্তরোত্তর সমৃদ্ধি ও সফলতা কামনা করে শেষ করছি।

"আল্লাহ হাফেজ"

**মোঃ হানিফ আহমদ**
সভাপতি
সমিতি পরিচালনা বোর্ড, সিলেট পবিস-১।

# কোষাধ্যক্ষের প্রতিবেদন



"বিসমিল্লাহির রাহ্‌মানির রাহিম"

২৯ তম বার্ষিক সদস্য সভার সভাপতি, সমিতি বোর্ডের এলাকা পরিচালক মন্ডলী, মহিলা পরিচালক বৃন্দ, সম্মানিত গ্রাহক সদস্য বৃন্দ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, সাংবাদিকবৃন্দ, পল্লী বিদ্যুতায়ন বোর্ড হতে আগত কর্মকর্তাবৃন্দ, প্রকল্প বিভাগ, অত্র প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ ও সুধী মন্ডলী, আস্‌সালামু আলাইকুম। আমি সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ২০২১-২০২২ ইং অর্থ বৎসরের আর্থিক প্রতিবেদন উপস্থাপন করছি।

## ৩০ শে জুন, ২০২২ ইং সনের নিরীক্ষিত
### আয় ব্যয় হিসাব বিবরনী

| ক্রমিক নং | বিবরন | টাকা |
|---|---|---|
| | **পরিচালন আয় সমূহ** | |
| ১ | বিদ্যুৎ বিক্রয় | ৩২৬৪৫২১৩৭৪ |
| ২ | অন্যান্য পরিচালন আয় | ১১২১৪৬৯৩৪ |
| ৩ | মোট পরিচালন আয় (১+২) | ৩৩৭৬৬৬৮৩০৮ |
| ৪ | **পরিচালন ব্যয় সমূহ** | |
| ৫ | বিদ্যুৎ ক্রয় | ২২৫২২১৪০২৪ |
| ৬ | **মোট মুনাফা (৩ - ৫)** | ১১২৪৪৫৪২৮৪ |
| ৭ | বিতরন ব্যয়-পরিচালন ও রক্ষনাবেক্ষন | ২২৪৯৪৮২৪১ |
| ৮ | বিদ্যুৎ বিক্রয় ব্যয় | ১৫৬১৫২৩৭০ |
| ৯ | প্রশাসনিক ও সাধারন ব্যয় | ২০৩৮০৯৭০০ |
| ১০ | **মোট পরিচালন ও রক্ষনাবেক্ষন (৭ হইতে ৯)** | ৫৮৪৯১০৩১১ |
| ১১ | অবচয় খাতে ব্যয় | ৫৮৩৮১৩৬০২ |
| ১২ | কর খাতে ব্যয় | ১২৭৯৮১২৭ |
| ১৩ | দীর্ঘ মেয়াদী ঋণের সুদ | ২০৩২৬৯৯০৪ |
| ১৪ | **বিদ্যুৎ সরবরাহের মোট ব্যয় ( ১০ হইতে ১৩)** | ১৩৮৪৭৯১৯৪৪ |
| ১৫ | **পরিচালন মুনাফা (৬ -১৪)** | (২৬০৩৩৭৬৬০) |
| ১৬ | সরকারী ভর্তুকী | - |
| ১৭ | অপরিচালন আয়-সুদ | ৮৭৩৭৭৯৯৪ |
| ১৮ | অপরিচালন আয়-অন্যান্য | ৪৩০০১১২ |
| ১৯ | **নীট মুনাফা (১৫ হইতে ১৮)** | (১৬৮৬৫৯৫৫৩) |

## ৩০ শে জুন ২০২২ ইং সনের জন্য নিরীক্ষিত দায় ও পরিসম্পদ বিবরণী

| ক্রঃনং | সম্পদ ও সম্পত্তিসমূহ | টাকা | ক্রঃনং | মূলধন ও দায়সমূহ | টাকা |
|---|---|---|---|---|---|
| | স্থায়ী সম্পদসমূহ | | | মূলধন ও সঞ্চিতিসমূহ | |
| ১ | ব্যবহার উপযোগী প্লান্ট | ৯৫২১৯৮১৬৮০ | ৩১ | সদস্য চাঁদা-ইস্যুকৃত | ৬৬৬০২১০ |
| ২ | ক্রমপুঞ্জিত অবচয় সঞ্চিতি | ৩৭৪১০৯১৬৮৯ | ৩২ | সদস্য চাঁদা-ইস্যুকৃত নহে | ৭৩৪১১২৪ |
| ৩ | নীট ব্যবহার উপযোগী প্লান্ট (১ - ২) | ৫৭৮০৮৮৯৯৯১ | ৩৩ | পরিচালন মুনাফা-পূর্ববর্তী বৎসর | (২২৫৯১০৯৭১২) |
| ৪ | নির্মানাধীন প্লান্ট | ৯৫৩৩২৪৫০ | ৩৪ | পরিচালন মুনাফা-বর্তমান বৎসর | (২৬০৩৩৭৬৬০) |
| ৫ | মোট ব্যবহার উপযোগী প্লান্ট (৩+৪) | ৫৮৭৬২২২৪৪২ | ৩৫ | পরিচালন মুনাফা-সরকারী ভর্তুকী | ৪৬৩১৪৩২৬ |
| | **বিনিয়োগসমূহ** | | ৩৬ | অপরিচালন মুনাফা-পূর্ববর্তী বৎসর | ৬০৯৪১০২০৮ |
| ৬ | ডোনেশন রিজার্ভ ফান্ড | ৭৮৭০০০০০০ | ৩৭ | অপরিচালন মুনাফা-বর্তমান বৎসর | ৯১৬৭৮১০৬ |
| ৭ | রিপ্লেসমেন্ট রিজার্ভ ফান্ড | ৪৭৫৫৩৮৩৪২ | ৩৮ | অনুদান ও মূলধনী লাভ/ক্ষতি | ৭৫১৫৪২৯০৯ |
| ৮ | পবিবো রিভল্ভবিং ফান্ডে বিনিয়োগ | - | ৩৯ | মোট মূলধন ও সঞ্চিতিসমূহ(৩১ হইতে ৩৮) | (১০০৬৫০০৪৮৮) |
| ৯ | সহযোগী কোম্পানীতে বিনিয়োগ | - | | দীর্ঘমেয়াদী ঋণ | |
| ১০ | অন্যান্য বিশেষ তহবিল | ১৫৫৩৯৬০৫৩৫ | ৪০ | দীর্ঘমেয়াদী ঋণ-নগদ | ৬৭৫৮০০০ |
| ১১ | মোট বিনিয়োগ (৬ হইতে ১০) | ২৮১৬৪৯৮৮৭৭ | ৪১ | দীর্ঘমেয়াদী ঋণ-মালামাল | ৬৩৮২২৬০৮৬০ |
| | **চলতি সম্পদসমূহ** | | ৪২ | দীর্ঘমেয়াদী ঋণ-প্রভিশনাল | ১০৫৬৬৮৫৮৪ |
| ১২ | নগদ তহবিল | ৪৮৯০০৭২০১ | ৪৩ | দীর্ঘমেয়াদী ঋণ-অন্যান্য - | ৩৭৩১৯৫ |
| ১৩ | খুচরা তহবিল | ২৫৫০০০ | ৪৪ | মোট দীর্ঘমেয়াদী ঋণ (৪০ হইতে ৪৩) | ৬৪৯৫০৬০৬৪০১৪ |
| ১৪ | স্বল্প মেয়াদী বিনিয়োগ | - | | অন্যান্য দীর্ঘমেয়াদী দায়সমূহ | |
| ১৫ | বিশেষ জামানত | ৩৩০৮৫ | ৪৫ | গ্রাহক জামানত | ৩১১৯৭১৮৭১ |
| ১৬ | বিদ্যুৎ বিল খাতে প্রাপ্য | ২৪৭২০৮৯৭১ | ৪৬ | জনবলের আর্থিক সুবিধাদি | ৯৪২৭৬০৯০১ |
| ১৭ | কুঋণ সঞ্চিতি | (১১৯৫২৯৪৫০) | ৪৭ | নিজস্ব বীমা সঞ্চিতি | ৩০০০৯৮৫ |
| ১৮ | অন্যান্য খাতে প্রাপ্য | ১৪৬৮৮৮০৮৬ | ৪৮ | মোট দীর্ঘমেয়াদী দায় (৪৫ হইতে ৪৭) | ১২৫৯৪২৩০০৪ |
| ১৯ | মালামাল ও সরবরাহ-বিদ্যুৎ | ২৩৮১৭৮৯৮২ | | চলতি দায়সমূহ | |
| ২০ | মালামাল ও সরবরাহ-অন্যান্য | ২৯০১ | ৪৯ | প্রদেয় বিলসমূহ | ২৪৯১৮০৩৮২ |
| ২১ | অগ্রীমসমূহ | ২০৭০৪২৬১ | ৫০ | সেচ অগ্রীম - | |
| ২২ | অন্যান্য বকেয়া ও চলতি সম্পদসমূহ | ৪৪৬৫৬৬৭৮ | ৫১ | প্রদেয় কর - | |
| ২৩ | মোট চলতি ও প্রাপ্য সম্পত্তিসমূহ (১২ হইতে ২২) | ১০৬৭৪০৫৭১৫ | ৫২ | প্রদেয় দীর্ঘমেয়াদী ঋণের সুদ | ৩৩২৯২৬৯৫৬ |
| | | | ৫৩ | প্রদেয় দীর্ঘমেয়াদী ঋণের কিস্তি | ১৩৯২৮৩৪৩১০ |
| | বিলম্বিত পাওনাসমূহ | | ৫৪ | **অন্যান্য চলতি ও বকেয়া দায়সমূহ** | ৫২৫৮৯৮৯৯ |
| ২৪ | অস্বাভাবিক মূলধনী ক্ষতি | ৭৪৩৭৭৩০৯ | ৫৫ | মোট চলতি ও প্রদেয় দায়সমূহ (৪৯ হইতে ৫৪) | ২০২৭৫৩১৫৪৬ |
| ২৫ | প্রাথমিক জরীপ/অনুসন্ধান | - | | বিলম্বিত দেনাসমূহ | |
| ২৬ | শ্রেনী বিহীন ব্যয়সমূহ | ১৮১১৫৫৮ | ৫৬ | নিরাপত্তা অগ্রীম ও জামানত - | |
| ২৭ | অস্থায়ী সুবিধাদী | - | ৫৭ | লাইন নির্মান/পূনর্বাসন কাজে অগ্রীম | - |
| ২৮ | অন্যান্য বিলম্বিত পাওনাসমূহ | ৯৬৬০৭০১১ | ৫৮ | অন্যান্য বিলম্বিত দেনাসমূহ | ১১৫৭৪০৮২১২ |
| ২৯ | মোট বিলম্বিত পাওনাসমূহ (২৪ হইতে ২৮) | ১৭২৭৯৫৮৭৮ | ৫৯ | মোট বিলম্বিত দেনাসমূহ (৫৬ হইতে ৫৮) | ১১৫৭৪০৮২১২ |
| ৩০ | মোট সম্পদ ও সম্পত্তিসমুহ (৫+১১+২৩+২৯) | = ৯৯৩২৯২২৯১৩ | ৬০ | মোট মূলধন ও দায়সমুহ (৩৯+৪৪+৪৮+৫৫+৫৯)= | ৯৯৩২৯২২৯১৩ |

পরিশেষে সমিতি ও গ্রাহক সদস্যদের সর্বাঙ্গীন উন্নতি কামনাকল্পে সমিতির কর্মকান্ডে আপনাদের সঠিক সহযোগিতা কামনা করে বিদায় নিচ্ছি।

**মোঃ এমদাদুর রহমান**
কোষাধ্যক্ষ, সমিতি বোর্ড, সিলেট পবিস-১

# জেনারেল ম্যানেজারের প্রতিবেদন



সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ তার উন্নয়ন আর অগ্রগতির পথে আরও একটি বছর পাড়ি দিয়ে ২৯ তম বার্ষিক সাধারণ সভার আয়োজন করেছে। সভার সম্মানিত সভাপতি, পরিচালকমন্ডলী ও মহিলা পরিচালকবৃন্দ উপস্থিত সম্মানিত গ্রাহক সদস্যবৃন্দ, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও পল্লী বিদ্যুৎ সমিতির কর্মকর্তা/কর্মচারীবৃন্দ, আমন্ত্রিত অতিথি, সাংবাদিকবৃন্দ ও সুধী মন্ডলী, আসসালামু আলাইকুম। সমিতির ২৯ তম বার্ষিক সাধারণ সভায় দূর-দূরান্ত হতে কষ্ট স্বীকার করে সক্রিয় অংশগ্রহণের জন্য পবিস ব্যবস্থাপনার পক্ষ থেকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

**সম্মানিত সুধী,**

গ্রাম-গঞ্জের বিপুল জনগোষ্ঠির আর্থ-সামাজিক উন্নয়নের দৃঢ় প্রত্যয় নিয়েই সিলেট জেলার ৮টি উপজেলা নিয়ে ১৯৮৬ খ্রিঃ সালে সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ গঠিত হয়েছে। সমিতি গঠিত হওয়ার পর হতে অক্টোবর'২০২২ খ্রিঃ পর্যন্ত ২৬টি ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্রের আওতায় প্রায় ৮৪৯৮ কিঃমিঃ লাইনের মাধ্যমে ৪,১৯,৪৪৪ জন বিভিন্ন শ্রেণির গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। যার ফলশ্রুতিতে একদিকে যেমন বিপুল সংখ্যক গ্রামীণ জনগোষ্ঠির কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচনের ব্যবস্থা গ্রহণ নিশ্চিত হয়েছে, অন্যদিকে তেমনি অধিক ফসল উৎপাদনে পল্লী বিদ্যুৎ সমিতির কর্মসূচী প্রভূত অবদান রেখে চলেছে। ইতিমধ্যে শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে আর্থ সামাজিক উন্নয়নে অবদান এবং মুজিববর্ষে শতভাগ বিদ্যুতায়ন সফলভাবে সম্পন্ন করায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিদ্যুৎ বিভাগকে স্বাধীনতা পুরষ্কার প্রদান করা হয়েছে।

এছাড়াও মাননীয় প্রধানমন্ত্রী'র নির্দেশনা মোতাবেক ১টি পরিবারও থাকবেনা গৃহহীন এ মূল মন্ত্রকে সামনে রেখে ইতোমধ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারদের মাঝে বিতরণের উদ্দেশ্যে নির্মাণকৃত ১১৮৭ টি ঘরে অত্র পবিস কর্তৃক বিনামূল্যে হাউজ ওয়্যারিং সম্পন্ন পূর্বক বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে।

**সম্মানিত গ্রাহকবৃন্দ,**

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের নিয়ন্ত্রণাধীন পল্লী বিদ্যুৎ সমিতিগুলো সমবায়ের মূলনীতির উপর ভিত্তি করে গণতান্ত্রিক পদ্ধতিতে পরিচালিত গ্রাহক মালিকানায় প্রতিষ্ঠিত সেবামূলক প্রতিষ্ঠান। উত্তম গ্রাহক সেবার মাধ্যমে এই প্রতিষ্ঠানকে সামনের দিকে এগিয়ে নেওয়াই আমাদের লক্ষ্য। সম্মানীত গ্রাহকগণ যেন স্বল্প সময়ে অল্প খরচে বিদ্যুৎ সরবরাহসহ সকল প্রকার সেবা পেতে পারেন সে জন্য সদর দপ্তরের পাশাপাশি গোলাপগঞ্জ, বিয়ানীবাজার, জকিগঞ্জ, বিশ্বনাথ, ওসমানীনগর, ফেঞ্চুগঞ্জ জোনাল অফিস এবং বালাগঞ্জ সাব-জোনাল অফিস হতে গ্রাহক সার্ভিস সহ সংশ্লিষ্ট সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। তাছাড়া বিভিন্ন এলাকায় ১৭টি অভিযোগ কেন্দ্র রয়েছে। এসব অফিসের মাধ্যমে সার্বক্ষনিক বিদ্যুৎ বিচ্যুতি সংক্রান্ত অভিযোগ গ্রহণ ও গ্রাহকগণকে সেবা প্রদান করা হচ্ছে। বর্তমানে ১১৩ টি ব্যাংক, ২০ টি ব্যাংকিং এজেন্টসহ বিকাশ, রকেট, ইউক্যাশ, মাইক্যাশ, শিওরক্যাশ মাধ্যমে ডিজিটাল পদ্ধতিতে বিদ্যুৎ বিল প্রদানের সুযোগ গ্রাহকদের ভোগান্তি অনেকাংশে লাঘব করেছে। বিতরণ লাইনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত ভাবে বিভিন্ন উচ্চচাপ ও নিম্মচাপ

লাইনের আপগ্রেডেশন প্রক্রিয়া হচ্ছে। তাছাড়া বিদ্যুৎ সরবরাহ আরো নিরবচ্ছিন্ন করার জন্য দক্ষিণ সুরমায় একটি ১০০/১৫০ এমভিএ গ্রীড উপকেন্দ্র ও একটি ৩৩ কেভি সুইচিং ষ্টেশন নির্মাণ কাজ চলমান রয়েছে।
যে কোন বিদ্যুৎ সেবায় কেউ যেন কোন দালাল চক্রের সাথে যোগাযোগ না করেন তার জন্য উদাত্ত আহবান জানাচ্ছি। এক ধরনের মধ্যসত্বভোগী দালাল সংযোগ প্রদান ও লাইন নির্মাণ কাজ করে দিবে বলে সাধারণ মানুষের কাছে গিয়ে প্রতিশ্রুতি দিয়ে অর্থ গ্রহণ করে প্রতারণা করছে, যা সাধারণ মানুষের জন্য হয়রানি ও অত্র সংস্থার জন্য দুর্নাম বয়ে আনে। এ ব্যাপারে কেউ যেন প্রতারণা করতে না পারে সেজন্য সরাসরি নিজেরাই অফিসে যোগাযোগ করে তথ্য জেনে নেয়ার অনুরোধ করছি। বর্তমানে সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সকল সংযোগের আবেদন অনলাইনের মাধ্যমে করা হয়ে থাকে। যার ফলে গ্রাহক ঘরে বসে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করে ৭ দিনেই সংযোগ গ্রহণ করতে পারেন। ক্ষুদ্র শিল্প ও নারী শিল্প উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে ৫০কিঃ ওঃ পর্যন্ত সকল ধরনের সংযোগের জন্য ট্রান্সফরমার ও ট্রান্সফরমার এক্সেসরিজ বিনামূল্যে প্রদান করা হচ্ছে। এছাড়াও শিল্প ও বাণিজ্যিক গ্রাহকদের জন্য ০২ (দুই) স্প্যান পর্যন্ত নতুন লাইন নির্মান/ কনভার্সন ও পুশপোল বিনামূল্যে প্রদান করা হচ্ছে। এতে করে গ্রামীন জনপদে ক্ষুদ্র ক্ষুদ্র শিল্প গড়ে উঠছে। এক কথায় বলা যায় যে, গ্রামীন জনগোষ্ঠির আর্থ-সামাজিক উন্নয়ন হচ্ছে।

**প্রিয় গ্রাহক সদস্যবৃন্দ,**

আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, পল্লী বিদ্যুৎ সমিতি কোন ব্যবসা প্রতিষ্ঠান নয়। "লাভ নয়, লোকসান নয়" এ নীতিমালায় পরিচালিত হয়। বিদ্যুৎ বিক্রয়লব্ধ অর্থ দিয়ে প্রতিষ্ঠানের সমস্ত ব্যয় নির্বাহ করতে হয়। অত্র পবিসের আওতাধীন ০৮ টি উপজেলায় ট্রান্সফরমার চুরি উদ্বেগজনক হারে বৃদ্ধি পেয়েছে। প্রচলিত নিয়ম অনুযায়ী ট্রান্সফরমার চুরির ফলে সম্মানিত গ্রাহক সদস্যগণদের প্রথমবার চুরির ক্ষেত্রে ৫০% মূল্য ও দ্বিতীয়বার বা তার উর্ধ্বে চুরির ক্ষেত্রে ১০০% মূল্য পরিশোধ করতে হচ্ছে। এতে গ্রাহক সদস্যগণ যেমন আর্থিকভাবে ক্ষতিগস্থ হচ্ছে তেমনি সিলেট পবিস-১ এর বিতরণ ব্যবস্থা ট্রান্সফরমার স্বল্পতার কারণে ঝুঁকির মুখে পড়ছে। আসুন সবাই মিলে সম্মিলিতভাবে চুরি প্রতিরোধে এগিয়ে আসি, জাতীয় সম্পদ রক্ষা ও জনদুর্ভোগ লাঘব করি। অবৈধ বিদ্যুৎ ব্যবহার, পার্শ্ব সংযোগ প্রদান, বিদ্যৎ লাইনের আশে পাশে গাছ কাটতে বাঁধা প্রদান, নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধে অনীহা সমিতির সার্বিক উন্নতির পথে অন্তরায়। তাই এ কার্যক্রমকে আরও বেগবান করার লক্ষে মালিকের মমত্ববোধ নিয়ে নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ এবং উৎপাদনশীল খাতে সাশ্রয়ী বিদ্যুতের কার্যকর ব্যবহার এর মাধ্যমে জীবন যাত্রার মান উন্নয়ন সহ দেশকে সমৃদ্ধশালী উন্নত দেশে উন্নীত করণের গর্বিত অংশীদার হওয়ার উদাত্ত আহবান জানাচ্ছি।

পরিশেষে আজকের মহতি অনুষ্ঠানে উপস্থিত হয়ে অনুষ্ঠানকে সাফল্য মন্ডিত করার জন্য পুনরায় ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সকলের সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছি। পরম করুনাময় আমাদের সহায় হউন।

জয় বাংলা।

**প্রকৌশলী দীলিপ চন্দ্র চৌধুরী**
জেনারেল ম্যানেজার
সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১

# সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১


গোটাটিকর, কদমতলী, সিলেট।

# গ্রাফ চিত্রে সমিতির অগ্রগতি


## সিলেট পবিস-১ এর ভৌগলিক এলাকা





## লাইন নির্মাণ (কিঃমিঃ)




## গ্রাহক সংযোগ




## বিদ্যুৎ বিল ও আদায়




# সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১


গোটাটিকর, কদমতলী, সিলেট।

# গ্রাফ চিত্রে সমিতির অগ্রগতি


## সিস্টেম লস





## বকেয়া মাস




## শ্রেণীভিত্তিক গ্রাহক সংখ্যা




## শ্রেণীভিত্তিক বিদ্যুৎ ব্যবহার



# সিটিজেন চার্টার নাগরিক সেবা (গ্রাহক সেবা)

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজ পত্র/ সেবা প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ |
| ০১ | নতুন সংযোগঃ | ১। Online আবেদনের মাধ্যমে<br><br>২। অস্থায়ী ও নিমার্ণ সংযোগের ক্ষেত্রে নির্দিষ্ট ফরমে "এক অবস্থান সেবা" কাউন্টারে আবেদনের মাধ্যমে | **আবাসিক, বাণিজ্যিক ও সিআই নতুন বিদ্যুৎ সংযোগের জন্য প্রয়োজনীয় কাগজ পত্রাদির তালিকাঃ**<br>(ক) জাতীয় পরিচয় পত্র, ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি (প্রযোজ্য ক্ষেত্রে);<br>(খ) জমির মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজ, মূল মালিক না থাকলে উত্তরাধিকার সনদ;<br>(গ) পূর্বের সংযোগ থাকলে পরিশোধিত বিলের কপি<br>(ঘ) বহুতল ভবনের ক্ষেত্রে (১০ তলার অধিক) অগ্নি নির্বাপন সনদ;<br>(ঙ) রাজউক/সিডিএ/কেডিএ/আরডিএ এবং অন্যান্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন/পৌরসভার অনুমোদিত বিল্ডিং প্ল্যান, হোল্ডিং নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে)।<br>(চ) এইচটি সংযোগের ক্ষেত্রে প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের উপকেন্দ্র চালুর অনুমোদন পত্র লাগবে।<br>(ছ) সিটি কর্পোরেশন/ পৌরসভার ক্ষেত্রে গ্রাহকের আয়কর প্রত্যায়ন বা TIN সার্টিফিকেট প্রযোজ্য।<br>**শিল্প সংযোগের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদির তালিকাঃ**<br>(ক) জাতীয় পরিচয় পত্র, ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি (প্রযোজ্য ক্ষেত্রে);<br>(খ) জমির মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজ, মূল মালিক না থাকলে উত্তরাধিকার সনদ;<br>(গ) পূর্বের সংযোগ থাকলে পরিশোধিত বিলের কপি;<br>(ঘ) রাজউক/সিডিএ/কেডিএ/আরডিএ এবং অন্যান্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন/পৌরসভার অনুমোদিত বিল্ডিং প্ল্যান, হোল্ডিং নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে);<br>(ঙ) শিল্প সংযোগের ক্ষেত্রে লোড ৮০ কিলোওয়াট এর অধিক হলে প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের উপকেন্দ্র চালুর অনুমোদন পত্র;<br>(চ) বাণিজ্যিক ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে অগ্নি নির্বাপন সনদ;<br>**সামাজিক বা বানিজ্যিক কর্মকান্ড বা নির্মাণ কাজের জন্য, অস্থায়ী সংযোগের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্রাদির তালিকাঃ**<br>(ক) পাসপোর্ট সাইজের ছবি (প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির);<br>(খ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির);<br>(গ) সামাজিক বা বানিজ্যিক কর্মকান্ডের জন্য কর্তৃপক্ষের অনুমতিপত্র;<br>(ঘ) ডেভেলপার কর্তৃক ভবন নির্মাণ করা হলে ভূমির মালিক কর্তৃক প্রদত্ত পাওয়ার অব অ্যাটর্নি।<br>**সেচ সংযোগের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদির তালিকাঃ**<br>(ক) পাসপোর্ট সাইজের ছবি (ব্যক্তি/প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির ক্ষেত্রে);<br>(খ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির);<br>(গ) সেচ কমিটির অনুমোদনপত্র। | **১। স্থায়ী সংযোগের ক্ষেত্রে আবেদনের ফি**<br>১ ফেজ এলটি সংযোগ : ১০০/ (একশত টাকা)<br>৩ ফেজ এলটি সংযোগ : ৩০০/ (তিনশত টাকা)<br>এমটি/এইচটি সংযোগ : ১০০০/ (এক হাজার টাকা)<br>**২। অস্থায়ী সংযোগের ক্ষেত্রে আবেদনের ফি**<br>১ ফেজ এলটি সংযোগ : ২৫০/ (দুইশত পঞ্চাশ টাকা)<br>৩ ফেজ এলটি সংযোগ : ৫০০/ (পাঁচশত টাকা )<br>এমটি সংযোগ : ১০০০/ (এক হাজার টাকা)<br>**৩। নিরাপত্তা জামানত:**<br>আবাসিক ও সেচ সংযোগের ক্ষেত্রে<br>(i) ০২ কিলোওয়াট পর্যন্ত ৪০০ (চারশত) টাকা প্রতি কিলোওয়াট<br>(ii) ০২ কিলোওয়াট উর্দ্ধে ৬০০ (ছয় শত) টাকা প্রতি কিলোওয়াট।<br>সিআই, বাণিজ্যিক, শিল্প ও অন্যান্য সংযোগের ক্ষেত্রে<br>(i) ৮০ কিলোওয়াট পর্যন্ত ৮০০ (আটশত) টাকা প্রতি কিলোওয়াট<br>(ii) ৮০ কিলোওয়াট উর্দ্ধে ১০০০ (এক হাজার) টাকা প্রতি কিলোওয়াট। | ১। এলটি আবাসিক সংযোগের ক্ষেত্রে লাইন নির্মাণ ব্যতিত ০৭ (সাত) কার্যদিবস<br><br>২। সকল শিল্প সংযোগের ক্ষেত্রে ১৮ (আটারো) কার্যদিবস | এজিএম<br>(সদস্য-সেবা)<br>মোবাইলঃ<br>০১৭৩০-৭৯৪৬৯৬<br>E-mail:<br>syl_pbs1@<br>yahoo.com |
| ০২ | গ্রাহকের অনুরোধে সংযোগ বিচ্ছিন্ন ও পুনঃ সংযোগ | নির্দিষ্ট ফরমে "এক অবস্থান সেবা" কাউন্টারে আবেদনের মাধ্যমে | এক অবস্থান সেবা | গ্রাহকের অনুরোধে সংযোগ বিচ্ছিন্নকরণ ও পুনঃ সংযোগকরণঃ<br>এলটিঃ<br>১) এক ফেজ = ২০০ (দুইশত)+২০০ (দুইশত) সর্বমোট ৪০০ (চারশত) টাকা<br>২) তিন ফেজ = ৪০০ (চারশত)+ ৪০০(চারশত) টাকা সর্বমোট ৮০০ (আটশত) টাকা<br>এমটি / এইচটি ঃ<br>১) সংযোগ বিচ্ছিন্নকরণ ১০০০ (একহাজার) + পুনঃ সংযোগকরণ ১০০০ (একহাজার) সর্বমোট ২০০০ (দুই হাজার টাকা) | ০১ (এক) কার্যদিবস | এজিএম<br>(অর্থ-রাজস্ব)<br>মোবাইলঃ<br>০১৭৬৯-৪০০৭৯০<br>E-mail:<br>syl_pbs1@<br>yahoo.com |
| ০৩ | গ্রাহকের অনুরোধে মিটার পরীক্ষা | সাদা কাগজে আবেদন/ নির্দিষ্ট ফরমে "এক অবস্থান সেবা" কাউন্টারে আবেদনের মাধ্যমে | এক অবস্থান সেবা | এলটিঃ<br>১) এক ফেজ = ২০০ (দুই শত) টাকা<br>২) তিন ফেজ = ৪০০ (চার শত) টাকা<br>৩) এলটিসিটি ৬০০ (ছয় শত) টাকা<br>এমটি ও এইচটিঃ<br>২০০০ (দুই হাজার) টাকা | ০৩ (তিন) কার্যদিবস | এজিএম<br>(অর্থ-রাজস্ব)<br>মোবাইলঃ<br>০১৭৬৯-৪০০৭৯০<br>E-mail:<br>syl_pbs1@<br>yahoo.com |
| ০৪ | জরুরী প্রয়োজনে ট্রান্সফরমার ভাড়া | সাদা কাগজে আবেদন/ নির্দিষ্ট ফরমে "এক অবস্থান সেবা"কাউন্টারে আবেদনের মাধ্যমে | এক অবস্থান সেবা | ১) সর্বোচ্চ ৩০ দিন ২.০০ প্রতি কেভিএ/দিন<br>২) ৩০ দিন পর থেকে৪.০০ কেভিএ/দিন | ০৩ (তিন) কার্যদিবস | এজিএম<br>(ও এন্ড এম)<br>মোবাইলঃ<br>০১৭৬৯-৪০০৭৮৯<br>E-mail:<br>syl_pbs1@<br>yahoo.com |
| ০৫ | লোড বৃদ্ধি | নির্দিষ্ট ফরমে "এক অবস্থান সেবা" কাউন্টারে আবেদনের মাধ্যমে | এক অবস্থান সেবা | ১) আবেদন ফিঃ<br>এলটিঃ<br>০১ ফেজ = ১০০ ( এক শত ) টাকা<br>০৩ ফেজ = ৩০০ (তিন শত ) টাকা<br>এমটি ও এইচটিঃ<br>১০০০ (এক হাজার) টাকা<br>ইএইচটিঃ<br>২০০০ (দুই হাজার) টাকা | ০৩ (তিন) কার্যদিবস | এজিএম<br>(সদস্য-সেবা)<br>মোবাইলঃ<br>০১৭৩০-৭৯৪৬৯৬<br>E-mail:<br>syl_pbs1@<br>yahoo.com |
| ০৬ | গ্রাহকের নাম পরিবর্তন | সাদা কাগজে আবেদন/নির্দিষ্ট ফরমে "এক অবস্থান সেবা" কাউন্টারে আবেদনের মাধ্যমে | প্রয়োজনীয় কাগজ পত্রঃ<br>১। জাতীয় পরিচয় পত্রের ফটোকপি;<br>২। গ্রাহক ক্রয়সূত্রে/নিজ সূত্রে জায়গা বা প্রতিষ্ঠানের মালিক হলে সকল দলিলের সত্যায়িত ফটোকপি ও সর্বশেষ পরিশোধিত বিলের কপি সমিতির সদর দপ্তরে জমা দিতে হবে;<br>৩। মরণোত্তর ওয়ারিশ সূত্রে হলে মৃত ব্যক্তির মৃত্যু সনদপত্র এবং ওয়ারিশনামা ও অন্যান্য;<br>৪। ওয়ারিশগণের না দাবী পত্র ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত হতে হবে;<br>৫। ০২ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি; | আবেদন ফিঃ<br>১। ১ ফেজ সংযোগ ক্ষেত্রে ৫০০ (পাঁচশত) টাকা<br>২। ৩ ফেজ সকল সংযোগের ক্ষেত্রে ১৫০০ (একহাজার পাঁচশত) টাকা | ০৩ (তিন) কার্যদিবস | এজিএম (সদস্য-সেবা)<br>মোবাইলঃ<br>০১৭৩০-৭৯৪৬৯৬<br>E-mail:<br>syl_pbs1@yahoo.com |
| ০৭ | বিল বিষয়ক অভিযোগ | সাদা কাগজে আবেদন/নির্দিষ্ট ফরমে "এক অবস্থান সেবা" কাউন্টারে আবেদনের মাধ্যমে | এক অবস্থান সেবা | প্রযোজ্য ক্ষেত্রে অফিসিয়াল ফর্মে হিসাব প্রস্তুত পূর্বক এক অবস্থানে সেবা হতে সেবা মূল্য লেখা ফর্মের মাধ্যমে ক্যাশ শাখায় জমা নেয়া হয়। | ০৩ (তিন) কার্যদিবস | এজিএম (অর্থ-রাজস্ব)<br>মোবাইলঃ<br>০১৭৬৯-৪০০৭৯০<br>E-mail:<br>syl_pbs1@yahoo.com |
| ০৮ | এক অবস্থান সেবা | পল্লী বিদ্যুৎ সমিতির "এক অবস্থানে সেবা" এ নতুন বিদ্যুৎ সংযোগ, বিল, মিটার সংক্রান্ত অভিযোগ, বিল পরিশোধের ব্যবস্থাসহ সকল ধরণের অভিযোগ জানানো যাবে এবং এতদসংক্রান্ত বিষয়ে তথ্য পাওয়া যাবে। | | | | |

সকল সেবা মূল্যের সাথে ১৫% ভ্যাট প্রযোজ্য হবে।

## নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে ট্রান্সফরমার চুরি রোধে সম্মানিত গ্রাহক সদস্যগণের জ্ঞাতব্য

সম্মানিত গ্রাহক সদস্যগণের সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে,

সিলেট পবিস-১ এর আওতাধীন সিলেট জেলার ০৮ টি উপজেলায় (দক্ষিণ সুরমা, বিশ্বনাথ, ওসমানীনগর, বালাগঞ্জ, ফেঞ্চুগঞ্জ, গোলাপগঞ্জ, বিয়ানীবাজার, জকিগঞ্জ) ট্রান্সফরমার চুরি উদ্বেগজনক হারে বৃদ্ধি পেয়েছে যার ফলে সাধারণ বিদ্যুৎ বিতরণ প্রক্রিয়া বিঘ্নিত হচ্ছে এবং জনদুর্ভোগ বৃদ্ধি পাচ্ছে । প্রচলিত নিয়ম অনুযায়ী ট্রান্সফরমার চুরির ফলে সম্মানিত গ্রাহক সদস্যগণদের প্রথমবার চুরির ক্ষেত্রে ৫০% মূল্য ও দ্বিতীয়বার বা তার উর্ধ্বে চুরির ক্ষেত্রে ১০০% মূল্য পরিশোধ করতে হচ্ছে। এতে গ্রাহক সদস্যগণ যেমন আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে তেমনি সিলেট পবিস-১ এর বিতরণ ব্যবস্থা ট্রান্সফরমার স্বল্পতার কারণে ঝুঁকির মুখে পড়ছে। ইতিমধ্যে সিলেট পবিস-১ কর্তৃক বিষয়টির ব্যাপারে পুলিশ ও জেলা প্রশাসনের নিকট সহযোগিতা আহবান করা হয়েছে এবং অত্র পবিসের নিজস্ব লোকবলের মাধ্যমে রাতে টহল কার্যক্রম চালানো হচ্ছে। তথাপিও পবিস ও প্রশাসনের পক্ষে ট্রান্সফরমার চুরি শতভাগ রোধ করা সম্ভব হচ্ছে না। এজন্য ব্যাপকভাবে জনগণের অংশগ্রহণ ও সচেতনতা প্রয়োজন।

এমতাবস্থায়, সম্মানিত গ্রাহক সদস্যগণকে ট্রান্সফরমার চুরি রোধে নিম্নোক্ত বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো ।

- রাত ১০ টার পর বিদ্যুৎ চলে গেলে আপনার বিতরণ ট্রান্সফরমারটি যে পোলে স্থাপিত আছে তা টর্চলাইটের মাধ্যমেআলোয় ফেলে নজরদারি করা এবং সন্দেহজনক কাউকে পাওয়া গেলে আটক করে নিকটস্থ অফিস এবং থানায় জানানো। প্রয়োজনে জাতীয় **জরুরী সেবা ৯৯৯** এ ফোন দিয়ে সহযোগিতা চাওয়া।
- প্রত্যেক গ্রাম/মহল্লার মসজিদ ও অন্যান্য ধর্মীয় উপসনালয়ে ট্রান্সফরমার চুরি রোধে আলোচনা ও সামাজিক নিরাপদ বলয় তৈরি করা।
- আপনার বিতরণ ট্রান্সফরমারটিতে পবিসের লোকবলের সহায়তায় ভালো মানের শিকল তালা স্থাপন করা। এক্ষেত্রে অফিসের সাথে পরামর্শক্রমে শিকল তালা ক্রয় করলে অফিস হতে স্থাপনে সহায়তা করা হবে। এছাড়া অফিসের সহায়তা নিয়ে স্থানীয়ভাবে ট্রান্সফরমারটির ঢাকনা ওয়েল্ডিং করে নেওয়া।
- সেচ মৌসুমের পর আগামী মৌসুম শুরু না হওয়া পর্যন্ত আপনার বিতরণ ট্রান্সফরমারটি পবিসের লোকবলের সহায়তায় খোলে নিজ দায়িত্বে নিরাপদে রাখা/পবিসে জমা প্রদান করা যেতে পারে ।
- ট্রান্সফরমার ভিত্তিক সুবিধাভোগী গ্রাহকগণ আলোচনা করে প্রয়োজনে রাতে পাহারার ব্যবস্থা করা ।
- ব্যাপক জনমত তৈরীর মাধ্যমে সম্মিলিতভাবে ট্রান্সফরমার চুরি প্রতিরোধে এগিয়ে আসা ।

**আসুন সবাই মিলে সম্মিলিতভাবে চুরি প্রতিরোধে এগিয়ে আসি,**
**জাতীয় সম্পদ রক্ষা ও জনদুর্ভোগ লাঘব করি।**

## বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হতে সম্মানিত গ্রাহকদের প্রতি আহ্বান

প্রিয় গ্রাহক,

রাশিয়া-ইউক্রেন যুদ্ধ ও বৈশ্বিক পরিস্থিতির কারণে জ্বালানি তেল, গ্যাস ও কয়লার দাম অস্বাভাবিক বৃদ্ধিপাওয়ায় সামগ্রিকভাবে বিদ্যুৎ উৎপাদন কিছুটা সীমিত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তদপ্রেক্ষিতে পর্যায়ক্রমে বিভিন্ন এলাকায় ১ ঘন্টা করে লোডশেডিং করা হচ্ছে। আপনার সাময়িক অসুবিধার জন্য আমরা আন্তরিকভাবে দুঃখিত। এ মুহুর্তে সবাইকে বিদ্যুৎ ব্যবহারে সর্বোচ্চ সাশ্রয়ী ও মিতব্যয়ী হওয়ার জন্য অনুরোধ করছিঃ

- সরকারি নির্দেশনা মোতাবেক রাত ৮ টার পর দোকান-পাট/শপিং মল/ আলোকসজ্জা বন্ধ করুন।
- A/C ব্যবহার পরিহার করুন। একান্তই করতে হলে তাপমাত্রা ন্যূনতম ২৫ ডিগ্রি সেঃ রাখুন।
- সন্ধ্যার সময় হতে রাত ১২টা পর্যন্ত মটর, ইস্ত্রী ওভেন, সেচ পাম্প, লন্ড্রী, ওয়েল্ডিং মেশিন, ওয়ার্কশপ, ইজি বাইক চার্জিং বন্ধ রাখুন।
- জরুরী প্রয়োজনে সমিতির **01769-404054** হটলাইনে ফোন দিন।

# ফটো গ্যালারী



শতভাগ বিদ্যুতায়নের মাইলফলক অর্জন করায় বিদ্যুৎ বিভাগের স্বাধীনতা পদক প্রাপ্তি উপলক্ষে সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর পক্ষে কেক কেটে উদযাপন করছেন সিলেট-৩ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব হাবিবুর রহমান হাবিব।



বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এবং ২৯ টি পল্লী বিদ্যুৎ সমিতির পক্ষ থেকে সিলেট জেলার বানভাসি অসহায় বিদ্যুৎ গ্রাহকদের জন্য ত্রান বিতরণ করছেন বাপবিবোর্ড এর মাননীয় চেয়ারম্যান জনাব মোহাং সেলিম উদ্দিন (অতিরিক্ত সচিব)।



বন্যা দুর্গত মানুষের সেবায় সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর পক্ষ থেকে ত্রান বিতরণ করছেন জনাব ফকির শরিফ উদ্দিন আহমেদ, পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা ।



নিরাপত্তা সংক্রান্ত বিশেষ কর্মশালায় বক্তব্য প্রদান করছেন সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর জেনারেল ম্যানেজার প্রকৌশলী দীলিপ চন্দ্র চৌধুরী




গ্রাহক সেবায় সিলেট পল্লী বিদ্যুতের উঠান বৈঠকে উপস্থিত ছিলেন সিলেট-৩ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব হাবিবুর রহমান হাবিব। বাপবিবোর্ড এর মাননীয় চেয়ারম্যান জনাব মোহাং সেলিম উদ্দিন (অতিরিক্ত সচিব)।



মুক্তির উৎসব ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী মেলা-২০২২ এ সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ ও সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর স্বতঃস্ফূর্ত অংশগ্রহন।

# সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১

গোটাটিকর, কদমতলী, সিলেট।

## সমিতি বোর্ডের পরিচালকমন্ডলী



**মোঃ হানিফ আহমদ**
সভাপতি ও এলাকা পরিচালক
এলাকা নং-০৬



**রমা কান্ত দে**
সহ সভাপতি ও এলাকা পরিচালক
এলাকা নং-০৪



**মোহাম্মদ মেহ্দি মিয়া**
সচিব ও মনোনীত
এলাকা পরিচালক



**মোঃ এমদাদুর রহমান**
কোষাধ্যক্ষ ও এলাকা পরিচালক
এলাকা নং-০৩



**আব্দুল আহাদ**
এলাকা পরিচালক
এলাকা নং-০৫



**নজরুল হক তাপাদার**
মনোনীত এলাকা পরিচালক



**সহিদুল হাসান**
এলাকা পরিচালক
এলাকা নং-০৭



**মোঃ রেজাউল আমীন**
মনোনীত এলাকা পরিচালক



**মনিকাঞ্চন চৌধুরী**
মহিলা পরিচালক



**বর্ণালী ব্রক্ষ**
মহিলা পরিচালক



**ফজীলাতুল কদর চৌধুরী**
মহিলা পরিচালক

# সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্মকর্তাবৃন্দ


প্রকৌশলী দীলিপ চন্দ্র চৌধুরী
জেনারেল ম্যানেজার


গোপাল চন্দ্র শিব
ডিজিএম, গোলাপগঞ্জ জোনাল অফিস


ভজন কুমার বর্মন
ডিজিএম, বিয়ানীবাজার জোনাল অফিস


মোঃ নাইমুল হাসান
ডিজিএম, ওসমানীনগর জোনাল অফিস


মোঃ ছাইফুল ইসলাম
ডিজিএম, বিশ্বনাথ জোনাল অফিস


আরিফ শাহরিয়ার ফাহাদ
ডিজিএম, সদর কারিগরি


মোঃ মোতাছিম বিল্লাহ
ডিজিএম, ফেঞ্চুগঞ্জ জোনাল অফিস


মোঃ জিল্লুর রহমান সোহেল
ডিজিএম, জকিগঞ্জ জোনাল অফিস


মোঃ শাহ আলম
এজিএম (ওএন্ডএম) গোলাপগঞ্জ জোনাল অফিস


মোঃ আব্দুর রশিদ
এজিএম (ওএন্ডএম) বালাগঞ্জ সাব জোনাল অফিস


নিতীশ সাহা
এজিএম(ওএন্ডএম) বিয়ানীবাজার জোনাল অফিস


মুহাম্মদ মনসুর হোসেন
এজিএম (অর্থ-হিসাব) সদর দপ্তর


মুনতানসীর মজুমদার
এজিএম (সদস্য সেবা) সদর দপ্তর


সঞ্জয় ভৌমিক
এজিএম (ইএন্ড সি) সদর দপ্তর


মোঃ আব্দুল্লাহ শিকদার
এজিএম (ওএন্ডএম) জকিগঞ্জ জোনাল অফিস


এ এফ এম মাহমুদুল হাসান
এজিএম (ওএন্ডএম) ফেঞ্চুগঞ্জ জোনাল অফিস


মোঃ আলাউল হক সরকার
এজিএম (ওএন্ডএম) বিশ্বনাথ জোনাল অফিস


সালমান খান
এজিএম (আইটি) সদর দপ্তর


অসীম চক্রবর্ত্তী
এজিএম (আইটি) সদর দপ্তর


মোঃ মাকসুদুর রহমান তানভীর
এজিএম (প্রশাসন) সদর দপ্তর

# ফটো গ্যালারী




নিরাপদ বিদ্যুৎ ব্যবহার বিষয়ে ছাত্রীদের মাঝে সচেতনতা মূলক বক্তব্য প্রদান করছেন সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর জেনারেল ম্যানেজার প্রকৌশলী দীলিপ চন্দ্র চৌধুরী



সিলেটের ভয়াবহ বন্যায় সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর আঙ্গিনা ও সাব স্টেশনের স্থির চিত্র।




সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর জেনারেল ম্যানেজার প্রকৌশলী দীলিপ চন্দ্র চৌধুরী নেতৃত্বে সম্মানিত গ্রাহক সদস্যদের সাথে গণশুনানির স্থির চিত্র।



নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে সিলেট পবিস-১ এর আলোর গেরিলা টিমের কার্যক্রমের স্থির চিত্র।




মহান বিজয়ের মাস বরণ উপলক্ষে বিজয় শোভাযাত্রায় অংশ গ্রহন করছেন সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১।




সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর পরিষ্কার-পরিচ্ছন্ন দিবস উদযাপনে স্বতঃস্ফূর্ত অংশগ্রহন করছেন পবিসের সকল কর্মকর্তা কর্মচারীবৃন্দ।

## সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্মকর্তাবৃন্দ



**মোঃ আল মামুন**
এজিএম (মানব সম্পদ) সদর দপ্তর



**মোঃ কাজল মিয়া**
এজিএম (ও এন্ড এম) সদর দপ্তর



**আবু কাউসার মোঃ ওমর ফারুক**
এজিএম (ও এন্ডএম) ওসমানীনগর জোনাল অফিস

## বাপবিবোর্ড সিলেট জোন এর কর্মকর্তাবৃন্দ



**বিপ্লব বান্টা**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
বাপবিবো, সিলেট জোন।



**মোঃ সাইফুল ইসলাম**
নির্বাহী প্রকৌশলী (এস ও ডি)
বাপবিবো, সিলেট জোন।



**তোহা হোসাইন**
সহকারী প্রকৌশলী
বাপবিবো, সিলেট জোন।






# সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১

গোটাটিকর, কদমতলী, সিলেট।